

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১, সেগুনবাগিচা, ঢাকা

স্মারক নং-০৪.০১.৭৮০০.৬৫৩.০১.০৬৪.১৭.

তারিখ :

বিষয় : বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সুপারিশ প্রদান।

সূত্র : দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার নথি নং-০৪.০১.৭৮০০.৬৫৩.০১.০৬৪.১৭।

উপরোক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব খান মোঃ আবু বকর সিদ্দিকী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী এর বিরুদ্ধে মির্জাগঞ্জ উপজেলার এডিপি প্রকল্পের কাজ না করে অর্থ আত্মসাতের অভিযোগ দুর্নীতি দমন কমিশন হতে অনুসন্ধান করা হয়। সংশ্লিষ্ট ব্যক্তির ব্যক্তিগত গুনানী গ্রহণান্তে কমিশন তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রকল্প সমূহের ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

- অর্থ বছরের ৩০ এপ্রিলের পরে প্রকল্পে কোন বরাদ্দ না দেয়া।
- কাজ না করে বিল করত: অগ্রিম টাকা উত্তোলন না করা।
- সকল প্রকল্প কাজের বিল নগদে প্রদান না করে ক্রস চেকের মাধ্যমে পরিশোধ।

এমতাবস্থায়, কমিশনের উপরোক্ত সুপারিশসমূহ সমগ্র বাংলাদেশে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ক্ষেত্রে অনুসরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

স্বাক্ষর :
(মুহাম্মাদ দিলোয়ার বখ্ত)
সচিব

ফোন : ৯৩৬০১১০

ইমেইল : secretary @ acc.org.bd.

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-০০.০১.০৬০০.৬৫২.০২.০১২.১৮.

১০/০৭/২০

তারিখ : ১০/০৭/২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
- ৪। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা। বক্ষমান পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল।
- ৫। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, পটুয়াখালী।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ (কক্ষ নং- ২০৩), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাক্ষর
১০/০৭/২০
(ফারজানা ইয়াসমিন)

উপপরিচালক (অনুঃ ও তদন্ত-৮) বরিশাল